

জকসু নির্বাচন

স্বতন্ত্র জিএস পদে মনোনয়ন নিলেন রাশিদুল ইসলাম

জবি প্রতিনিধি



ছবি : কালের কঞ্চ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ

(জকসু) নির্বাচনে সাধারণ সম্পাদক (জিএস)

পদে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র সংগ্রহ

করেছেন বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও

সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী মো. রাশিদুল

ইসলাম।

সোমবার (১৭ নভেম্বর) শহীদ সাজিদ ভবনে

অবস্থিত নির্বাচন কমিশন কার্যালয় থেকে তিনি

মনোনয়নপত্র সংগ্রহ করেন।

রাশিদুল গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের

২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। মনোনয়ন

নেওয়ার পর রাশিদুল বলেন, ‘স্বতন্ত্রভাবে
মনোনয়ন নিয়েছি শিক্ষার্থীদের কল্যাণে কাজ
করার লক্ষ্য নিয়ে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিভিন্ন সমস্যায় জর্জরিত।
শিক্ষার্থীদের অধিকার আদায়ের আন্দোলনে
কখনো সামনে থেকে, কখনো পেছন থেকে
আমি কাজ করেছি।’

তিনি আরো বলেন, ‘আমি বিশ্বাস করি জবিয়ান
ভাই-বোনেরা অত্যন্ত মেধাবী এবং ভিন্নভাবে
চিন্তা করতে সক্ষম—এ গুণটাই এই
বিশ্ববিদ্যালয় আমাদের শিখিয়েছে। তাই
প্রতিনিধিকে নির্বাচন করার ক্ষেত্রেও শিক্ষার্থীরা
সেই বুদ্ধিমত্তার পরিচয় দেবে।

,

নিজেকে অরাজনৈতিক উল্লেখ করে রাশিদুল
বলেন, ‘আমি কোনো রাজনৈতিক সংগঠনের
সঙ্গে যুক্ত নই। তাই নির্বাচিত হলে আমার
সিদ্ধান্ত নেবেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সব
শিক্ষার্থী। বলতে পারেন, শিক্ষার্থীরাই হবেন
আমার নেতা—আমি শুধু তাদের প্রতিনিধি হয়ে
কাজ করব।’

